



তারিখ : ১৫ ফেব্রুয়ারি ২০১৯

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর-এর বিবৃতি

গতকাল বিকেলে ভারতের জম্মু-কাশ্মীরে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সের (সিআরপিএফ) গাড়িবহরে বোমা হামলায় অন্তত: ৪০ জন ভারতীয় আধাসামরিক সেনা নিহতের ঘটনায় গভীর উদ্বেগ ও শোক প্রকাশ করে বিবৃতি দিয়েছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

আজ এক বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, “ভারতের কাশ্মীরে রক্তাক্ত হামলায় সিআরপিএফ এর ৪০ জন সদস্যের প্রাণহানির ঘটনায় আমি গভীর উদ্বেগ ও শোক প্রকাশ করছি। উপমহাদেশের এই অঞ্চলটি অনেক দিন ধরেই অগ্নিগর্ভ। রক্ত ঝরছে সাধারণ মানুষসহ নিরাপত্তা বাহিনীর। মানুষ ও মানবতা রক্ষার জন্য শান্তি ও স্থিতি অত্যন্ত অপরিহার্য। সন্ত্রাসী কার্যকলাপ শান্তি ও সভ্যতার পরিপন্থী, এতে করে আঞ্চলিক স্থিতিশীলতা সংকটাপন্ন হয়ে পড়ে এবং মানুষের স্বাভাবিক জীবন-যাপন চরম নিরাপত্তাহীন হয়ে ওঠে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি যেকোন বেপরোয়া বেআইনী সহিংস রক্তপাতের বিরুদ্ধে সর্বদা সোচ্চার। পৃথিবীতে জটিল রাজনৈতিক সংকটবহুল স্থানে মানুষের বসবাস নিরাপদ নিশ্চিত হয়েছে শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে, নিরাপরাধ মানুষ হত্যার মাধ্যমে নয়। নির্মম অমানবিকতার দ্বারা মানুষের এগিয়ে যাওয়ার প্রত্যাশা হতাশায় নিমজ্জিত হলে শংকা ও ভয়ের ছায়াই কেবলমাত্র প্রসারিত হয়।

আমি ভারতের জম্মু-কাশ্মীরে সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্সের (সিআরপিএফ) গাড়িবহরে সন্ত্রাসীদের কাপুরুষোচিত বোমা হামলায় অন্তত: ৪০ জন ভারতীয় আধাসামরিক সেনা নিহতের ঘটনায় তীব্র নিন্দা জানিয়ে নিহতদের আত্মার শান্তি কামনা করছি এবং শোকাহত পরিবার-পরিজনদের প্রতি জানাচ্ছি গভীর সমবেদনা। বোমা হামলায় আহতদের আশু সুস্থতা কামনা করছি।”

বার্তা প্রেরক

মো: তাইফুল ইসলাম টিপু

সহ-দফতর সম্পাদক

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।